# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 24.06.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) নিট-ইউজির প্রশ্ন ফাঁস ও একাধিক পরীক্ষা বাতিল নিয়ে বিতর্ক এবং প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই আজ অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন শুরু হচ্ছে।

২) অধিবেশনের প্রাক্কালে লোকসভায় তৃণমূল কংগ্রেস নেতা, সুদীপ বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে দেখা করেছেন, সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু।

৩) বিধানসভা উপ-নির্বাচনে জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। এরাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রে জমা পড়েছে মোট ৩৪-টি মনোনয়নপত্র।

৪) রাজ্যের বেশ কিছু পুরসভার চেয়ারম্যান ও আধিকারিকদের নিয়ে আজ নবান্নে বৈঠক ডেকেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

৫) ছেলে ধরার গুজব ছড়ানোর বিরুদ্ধে, বনগাঁর মহকুমা পুলিশ আধিকারিক সবাইকে কড়া হুঁশিয়ারি দিয়েছেন।

oooooooooooooooooooooooo

নিট-ইউজির প্রশ্ন ফাঁস, ইউজিসি নেট ও নিট পিজি পরীক্ষা বাতিল নিয়ে বিতর্ক এবং প্রতিবাদ বিক্ষোভের মধ্যেই আজ অষ্টাদশ লোকসভার প্রথম অধিবেশন আজ শুরু হচ্ছে। নব নির্বাচিত সদস্যদের শপথগ্রহণ করাবেন অধ্যক্ষপ্রতীম হিসেবে নির্বাচিত প্রবীণ বিজেপি সাংসদ ভর্তৃহরি মহতাব।

এর আগে গতকাল সংসদীয় মন্ত্রী কিরেন রিজিজু, লোকসভায় তৃণমূল কংগ্রেস নেতা সুদীপ বন্দোপাধ্যায়ের বাড়িতে গিয়ে তাঁর সঙ্গে দেখা করেন। অধিবেশন সুষ্ঠুভাবে চালানোর জন্য তাঁর কাছে শ্রী রিজিজু সহযোগিতা চেয়েছেন বলে সুত্রের খবর।

উল্লেখ্য, এবারের নির্বাচনে ২৯-টি লোকসভা আসনে জিতেছে তৃণমূল কংগ্রেস।

সংসদীয় মন্ত্রীর সঙ্গে বৈঠকের আগে শ্রী বন্দোপাধ্যায় জানান, নিট ইস্যুতে লোকসভায় ঝড় তুলবে দল।

(বাইট – সুদীপ)

বৈঠকের পর শ্রী রিজিজু বলেন, সাংসদ হিসেবে সুদীপ বন্দ্যোপাধ্যায়ের দীর্ঘ অভিজ্ঞতা রয়েছে। সেই কারণেই তাঁর কাছে এসেছিলেন তিনি।

(বাইট – রিজিজু)

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের চারটি সহ সাতটি রাজ্যের ১৩ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জমা পড়া মনোনয়নপত্রগুলি আজ পরীক্ষা করে দেখা হবে। নাম প্রত্যাহারের শেষ দিন বুধবার ২৬ শে জুন। ভোট নেওয়া হবে ১০ই জুলাই। ১৩ ই জুলাই হবে ভোটগণনা। এ রাজ্যের চারটি আসন হলো

নদিয়ার রানাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা, কলকাতার মানিকতলা এবং উত্তর দিনাজপুরের রায়গঞ্জ।

বাগদায় ৯, রায়গঞ্জে ১০, মানিকতলায় ৯ এবং রানাঘাট দক্ষিণে ৬ জন প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

এই চার কেন্দ্রের জন্য ২৬ শে জুন থেকে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হবে। মোট ৫৫ কোম্পানি বাহিনীর মধ্যে ৪৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হবে ভোটের কাজে। এছাড়া চারটি জায়গায় দুই কোম্পানি করে মোট ৮ কোম্পানি বাহিনী স্ট্রংরুমের নিরাপত্তায় মোতায়েন থাকবে বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক ডঃ আরিজ আফতাব জানিয়েছেন, প্রত্যেকটি বুথেই ওয়েব কাস্টিং করা হবে

এদিকে, বিধানসভা উপ-নির্বাচনের প্রচার জমে উঠেছে।

রানাঘাট দক্ষিণের বিজেপি প্রার্থী মনোজ বিশ্বাস, তৃণমূল কংগ্রেস প্রার্থী মুকুটমণি অধিকারী ও সি পি আই এম প্রার্থী অরিন্দম বিশ্বাস গতকাল বিভিন্ন এলাকায় প্রচার করেন। সি পি আই এম প্রার্থীর সমর্থনে প্রচারে যোগ দেন দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

রায়গঞ্জ আসনে কংগ্রেস প্রার্থী মোহিত সেনগুপ্তের সমর্থনে গতকাল প্রচার করেন, সিপিআইএম পলিটব্যুর সদস্য সূর্যকান্ত মিশ্র, বিরোধী জোট আই এন ডি আই এ-তে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর ভূমিকা নিয়ে কটাক্ষ করেন তিনি।

(বাইট – সূর্যকান্ত)

এরাজ্যে বামেরা অপ্রাসঙ্গিক হয়ে পড়েছে কিনা, সাংবাদিকদের এই প্রশ্নের জবাবে শ্রী মিশ্র বলেন, একটা নতুন অভিজ্ঞতার মধ্য দিয়ে তারা যাচ্ছেন, কিন্তু বামেরা কোনদিনই অপ্রাসঙ্গিক হবে না।

oooooooooooooooooooooo

হুগলীর সিঙ্গুরে তিন দশকের বেশি বামেদের হাতে থাকা গোবিন্দপুর সমবায় কৃষি উন্নয়ন সমিতি দখল করল তৃণমূল কংগ্রেস। সমিতির নির্বাচনে ৪৫-টি আসনেই জিতেছে তারা। যদিও বামেদের দাবি শাসক দল ভোট লুঠ করেছে। পুলিশের সামনেই চলে ছাপ্পা ভোট। তৃণমূল কংগ্রেস অবশ্য এই অভিযোগ অস্বীকার করেছে।

অন্যদিকে, পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রাম এক নম্বর ব্লকের হরিপুরের প্রিয়ানগরী সমবায় কৃষি উন্নয়ন সমিতির নির্বাচনে জয়ী হয়েছে বিজেপি। ১২-টি আসনের মধ্যে ১১-টিতেই জিতেছে তারা। কঠোর নিরাপত্তার মধ্যে গতকাল ভোট নেওয়া হয়। ফল বেরোতেই উৎসব মেতে ওঠেন বিজেপি কর্মী সমর্থকরা।

ooooooooooooooooooooooo

রাজ্যের বেশ কিছু পুরসভার চেয়ারম্যান ও আধিকারিকদের নিয়ে আজ নবান্নে বৈঠক ডেকেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। হাওড়ায় নির্বাচিত পুরবোর্ড না থাকায় এলাকার পাঁচ বিধায়ককে বৈঠকে ডাকা হয়েছে বলে নবান্ন সূত্রে খবর।

অন্যদিকে বাম পরিচালিত তাহেরপুর এবং বিক্ষুব্ধ তৃণমূল ও কংগ্রেস পরিচালিত ঝালদা পুরসভার চেয়ারম্যানদের বৈঠকে না ডাকা নিয়ে প্রশ্ন তুলেছেন বিরোধীরা।

এ প্রসঙ্গে রাজ্যের পুর ও নগরোন্নয়নমন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম বলেছেন, যে সমস্ত পৌর প্রধানকে ডাকা প্রয়োজন, তাদেরই ডাকা হয়েছে। এনিয়ে জটিলতার কোন অবকাশ নেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশী জঙ্গি সংগঠন আনসার আল ইসলামের শাহাদাত গোষ্ঠীর মূলচক্রী সন্দেহে পশ্চিম বর্ধমানের কাঁকসা থেকে ধৃত মহম্মদ হাবিবুল্লাকে দুর্গাপুরের এসিজেএম আদালত, ১৪ দিনের এসটিএফ হেফাজতে পাঠিয়েছে। কলেজ পড়ুয়া হাবিবুল্লাকে রাজ্য পুলিশের এসটিএফ গ্রেফতার করায় বিস্মিত এলাকার মানুষ। স্থানীয় সূত্রে জানা গেছে, কম্পিউটার সায়েন্সের মেধাবী ছাত্র হাবিবুল্লা কারো সঙ্গেই বিশেষ মেলামেশা করতো না। কম্পিউটারেই মগ্ন থাকতো সে।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর ২৪ পরগণার বনগাঁ মহকুমায় ছেলেধরা সন্দেহে একের পর এক গণপিটুনির ঘটনায় প্রশাসন উদ্বিগ্ন। গতসন্ধ্যায় এ নিয়ে সাংবাদিক বৈঠক করেন বনগাঁর এসডিপিও অর্ক পাঁজা। বারাসত, অশোকনগর, খড়দার পর শনিবার রাতে বনগাঁর ঠাকুরপল্লি ও গতকাল সকালে গাইঘাটার বেড়ি গোপালপুর এলাকায় ছেলেধরা সন্দেহে গণপ্রহারের আরও দুটি ঘটনা ঘটে। মহকুমা পুলিশ আধিকারিক জানান, বনগাঁর ঘটনায় এখনো পর্যন্ত ৬ জনকে গ্রেফতার করা হয়েছে। গাইঘাটার ঘটনায় দোষীদের চিহ্নিত করার কাজ চলছে। গুজব ছড়ানোর অভিযোগে গ্রেফতার হয়েছে একজন। যারা  গুজব ছড়াচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

বাইট

উল্লেখ্য, গাইঘাটা থানার বেড়ি গোপালপুর এলাকায় অনাথ শিশুদের সাহায্যের নামে চাল সংগ্রহ করতে গিয়েছিলেন আসলাম মন্ডল নামে এক যুবক। ছেলেধরা সন্দেহে উত্তেজিত জনতা তাকে বেধড়ক মারধর করে বলে অভিযোগ। পুলিশ তাকে উদ্ধার করে গাইঘাটা থানার সুটিয়া ফাঁড়িতে নিয়ে যায়। যুবকের বাড়ি বাদুড়িয়া থানায় এলাকাতেই।

অন্যদিকে বনগাঁ থানার ঠাকুরপল্লী এলাকায় এক অচেনা ব্যক্তিকে ঘোরাঘুরি করতে দেখে গণপিটুনি দেওয়া হয়। এর পেছনেও ছিল ছেলেধরার গুজব।

আশঙ্কাজনক অবস্থায় ঐ ব্যক্তি বনগাঁ মহাকুমা হাসপাতালে চিকিৎসাধীন। প্রসঙ্গত, বারাসতে এক নিখোঁজ বালকের দেহ উদ্ধার হবার পরই বিভিন্ন এলাকায় ছেলেধরা সন্দেহে মারধরের ঘটনা শুরু হয়।

oooooooooooooooooooooo

ঠিক সময়ে চিকিৎসা না পেয়ে এক ছাত্রের মৃত্যুর অভিযোগকে কেন্দ্র করে পুরুলিয়ার রঘুনাথপুর সুপার স্পেশালিটি হাসপাতালে গতকাল তুমুল উত্তেজনা দেখা দেয়। মৃতের পরিবার, আত্মীয়স্বজন, বন্ধু বান্ধব সহ স্থানীয় বাসিন্দারা হাসপাতালের সামনে বিক্ষোভ দেখান। জানা গেছে, গতকাল সকালে পুরুলিয়া বরাকর রাজ্য সড়কের ওপর একটি গাড়ি রিকি কর্মকার নামে ঐ ছাত্রকে ধাক্কা মেরে চলে যায়। বছর সতেরোর ছেলেটির বাড়ি, রঘুনাথপুর শহরের এক নম্বর ওয়ার্ডে ব্লক ডাঙ্গায়। এবছরই মাধ্যমিক পরীক্ষা পাশ করেছে সে। গুরুতর জখম অবস্থায় রিকিকে উদ্ধার করে স্থানীয়রাই রঘুনাথপুর সুপার স্পেসালিটি হাসপাতালে নিয়ে যান। প্রাথমিক চিকিৎসার পর তাকে ভর্তি করা হয়। অভিযোগ, সেই সময় ডিউটিতে থাকা চিকিৎসককে ঘটনাটি জানানো সত্বেও তিনি এক ঘন্টা দেরীতে আসেন। ঠিক সময়ে চিকিৎসা না মেলায় মৃত্যু হয় রিকির। দেরীতে এসে চিকিৎসক রিকিকে মৃত বলে ঘোষনা করতেই ক্ষোভে ফেটে পড়েন রিকির পরিবারের সদস্য ও বন্ধুরা। খবর পেয়ে হাসপাতালে পৌঁছয় রঘুনাথপুর থানার পুলিশ। দুই কাউন্সিলার প্রনব দেওঘরিয়া ও মৃত্যুঞ্জয় পরামাণিকও ছুটে যান। চিকিৎসকের গাফিলতির কারণেই রিকির মৃত্যু হয়েছে বলে অভিযোগ মৃতের পরিবারের।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooo